

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
গবেষণা-১ অধিশাখা

বিষয় : কৃষি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাতে বাজেট বরাদ্দ থেকে অর্থ ব্যয় ও ব্যবহারের কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং ও মূল্যায়নের জন্য গঠিত কমিটির সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : অতিরিক্ত সচিব (গবেষণা), কৃষি মন্ত্রণালয়, ঢাকা।  
সভার তারিখ ও সময় : ২৬-০৪-২০১৮ ইং সকাল ১০.৩০ ঘটিকা।  
সভার স্থান : সভাকক্ষ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা “পরিশিষ্ট-ক” তে রক্ষিত হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। কমিটির সদস্য সচিব, উপসচিব (গবেষণা-১) সভার শুরুতে ২০১৭-১৮ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাতে বরাদ্দকৃত ১০.০০ কোটি টাকা হতে গবেষণা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে ১৫/১১/২০১৭ তারিখে ১ম ও ২য় কিস্তি বাবদ ১২টি গবেষণা প্রস্তাবের জন্য মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে ১৪১.৫০ লক্ষ (এক কোটি একচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ৫টি গবেষণা প্রস্তাবের জন্য মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে ৫২.৫০ লক্ষ (বায়ান্ন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ৭টি গবেষণা প্রস্তাবের জন্য মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে ৭৭.৫০ লক্ষ (সাতাত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ৫টি গবেষণা প্রস্তাবের জন্য মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে ৭৫.০০ লক্ষ টাকা, ৪টি গবেষণা প্রস্তাবের জন্য পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর অনুকূলে ৩৭.৫০ লক্ষ টাকা, ১টি গবেষণা প্রস্তাবের জন্য নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড এর অনুকূলে ৮.৫০ লক্ষ টাকা, ১টি গবেষণা প্রস্তাবের জন্য নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর অনুকূলে ১৯.৫০ লক্ষ এবং ৪টি গবেষণা প্রস্তাবের জন্য চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর অনুকূলে ৩১.৫০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। সভায় কৃষি মন্ত্রণালয়ের বাজেট শাখা থেকে জানানো হয় যে, ২২/৪/২০১৮ তারিখে ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ ছাড় করা হয়েছে। অর্থ বরাদ্দ ও ছাড় করার চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	সংস্থার নাম	গবেষণা প্রস্তাবের সংখ্যা	বরাদ্দকৃত অর্থের পরিমাণ (২০১৭-১৮)	ছাড়কৃত অর্থের পরিমাণ	
				(২০১৭-১৮) (১ম-২য় কিস্তি)	(২০১৭-১৮) (৩য় ও ৪র্থ কিস্তি)
১।	বারি	১২	২৮৩	১৪১.৫	১৪১.৫
২।	ত্রি	৫	১০৫	৫২.৫	৫২.৫
৩।	বিআইএনএ	৭	১৫৫	৭৭.৫	৭৭.৫
৫।	বিএসআরআই	৫	৯৯	৪৯.৫	৪৯.৫
৬।	বিজেআরআই	৫	১৫০	৭৫	৭৫
৭।	এসআরডিআই	৪	৭৫	৩৭.৫	৩৭.৫
৮।	সিডিবি	১	১৭	৮.৫	৮.৫
৯।	বারটান	১	৩৯	১৯.৫	১৯.৫
১০।	বিএডিসি	৪	৬৩	৩১.৫	৩১.৫

সভায় গবেষণা কার্যক্রমের অগ্রগতির বিষয়ে পর্যালোচনাস্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- (১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান গবেষণা কার্যক্রম নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে মনিটরিং এর কার্যক্রম গ্রহণ করবে।
- (২) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন (আর্থিক/বাস্তব) প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে কৃষি মন্ত্রণালয়ের মনিটরিং ও মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করবে।
- (৩) মূল্যায়ন ফলাফলের ভিত্তিতে পরবর্তী বছরের জন্য গবেষণা পরিকল্পনা প্রণয়ন করে তদানুযায়ী গবেষণা কার্যক্রম গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার)  
অতিরিক্ত সচিব (গবেষণা)  
কৃষি মন্ত্রণালয়

স্মারক নং-১২.০০.০০০০.০৬২.২০.০০১.১৮. ২০২০

তারিখ : ২৫/০৪/২০

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। যুগ্মসচিব/অতিরিক্ত সচিব, গবেষণা অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
- ২। পরিচালক (সরেজমিন), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩। সদস্য পরিচালক (শস্য বিভাগ), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
- ৪। পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
- ৫। পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
- ৬। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ৭। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া, এভিনিউ, ঢাকা।
- ৮। পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুপারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
- ৯। পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, সেচভবন, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
- ১০। অতিরিক্ত পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
- ১১। মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
- ১২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (উন্নয়ন), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) :

- ১। উপসচিব, প্রশাসন-৪ অধিশাখা (বাজেট), কৃষি মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।